## জুন/২০২৬ খ্রি মাসের উপজেলা পরিবার পরিকল্পনা কমিটির মাসিক সভার কার্যবিবরণী

সভাপতিঃ প্রশাসক, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
সভার স্থানঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।
তারিখঃ২৫/০৬/২০২৬ খ্রি. সময়ঃ সকাল ১১:০০ ঘটিকায়।

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন। এরপর সভাপতি মহোদয় সভার সদস্য সচিব উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে তাঁর বিভাগের কার্যক্রম উপস্থাপনের জন্য অনুরোধ জানান। অতঃপর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভাপতি মহোদয়কে ধন্যবাদ এবং সকল সদস্যকে স্বাগত জানিয়ে গত মাসের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। এরপর উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা তাঁর বিভাগের কার্যক্রম সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত নিম্নে উপস্থাপিত হলো।

**উপস্থিতির তালিকা সংযুক্ত করা হলো: পরিশিষ্ট "ক"**

মাসিক সভার আলোচনা ও সিদ্ধান্ত:

| আলোচ্য বিষয় | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ধন্যবাদ জ্ঞাপন | উপজেলা পরিষদের অর্থায়নে প্রায় ৫ (পাঁচ) লক্ষ টাকার পরিবার পরিকল্পনা সেবাদান বিষয়ক সামগ্রী সরবরাহ করায় UNO সহ সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ ও ধন্যবাদ জানানো হয়। বিশ্ব জনসংখ্যা দিবস/২০২৬ এ বিভাগীয় পর্যায়ে শ্রেষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচিত হওয়ায় উপজেলা প্রশাসনের UNO সহ সকলকে সদস্য সচিব আন্তরিক ধন্যবাদ জানান। | কার্যক্রম আরো জোরদার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা |
| পরিবার পরিকল্পনা সেবা | নওগাঁ সদর উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের অধীন মে/২০২৬খ্রিঃ মাসে সক্ষম দম্পতির সংখ্যা ৬৪,৫৪৩ জন যার মধ্যে ২৩,৪৫৩ জন খাবার বড়ি, ৫,৫১৪ জন কনডম, ৮,৯৪৫ জন ইনজেকশন ২,৯২৫ জন ইমপ্লান্ট, ৬১৬ জন আইইউডি, ৩২৪ জন পুরুষ এবং ৭,৩৩৩ জন মহিলা স্থায়ী পদ্ধতি গ্রহীতাসহ মোট গ্রহীতা ৪৯,১১০ জন এবং পদ্ধতি গ্রহণকারীর হার ৭৬.০৯ ভাগ। এছাড়াও, দম্পতিদের মাঝে উল্লেখিত মাসে ৫৪ চক্র খাবার বড়ি, ০ পিস কনডম নিরাপদ বিতরণ, ৪১ ভায়াল, ৯ টি আইইউডি, ০ টি ইমপ্লান্ট (জেডেল)(সরবরাহ না থাকায়) বিতরণ করা হয়েছে। | বিভাগীয় সেবাদান কার্যক্রম অব্যাহত রাখার জন্য সভায় অনুরোধ জানানো হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা |
| মা ও শিশু স্বাস্থ্য | বিভিন্ন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ৩,২৩৮ জনকে সাধারণ রোগের চিকিৎসা প্রদান করা হয়েছে। ১২ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং ০১ টি মা ও শিশু কল্যাণ কেন্দ্রে মোট ৪৭টি স্বাভাবিক প্রসব সম্পন্ন হয়েছে। মে/২০২৬খ্রিঃ মাসে মোট গর্ভবতী মায়ের সংখ্যা ১,৪৯৬ জন। ০৪টি পরিদর্শণের মাধ্যমে মোট ৮৮২ জন মাকে গর্ভকালীন সেবা প্রদান করা হয়েছে, ৫২৪ জন মা ও নবজাতককেকে প্রসবোত্তর বিভিন্ন সেবা এবং ১,৬০২ জনকে আইওয়াইসিএফ, ভিটামিন এ, আইএফএ, হাতধোয়া, ও মায়ের পুষ্টিবিষয়ক কাউন্সেলিং প্রদান করা হয়েছে। | স্বাভাবিক ডেলিভারি সেবা বিষয়ে কাউন্সেলিং করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| কিশোর/ কিশোরী সেবা | কীশোর/কীশোরীর ৬৫১ জনকে বয়ঃসন্ধিকালীণ সেবা, ৬৪২ জনকে বাল্যবিবাহ ও কিশোরী মাতৃত্বের কুফল, ৬২৭ জনকে প্রজনন তন্ত্রের সংক্রমণ ও যৌনবাহিত রোগ নিরাময় বিষয়ে কাউন্সেলিং, ৭১৩ জনকে পুষ্টিকর খাবার বিষয়ে কাউন্সেলিং করা হয়েছে। কৈশোর সহিংসতা ও প্রতিরোধ বিষয়ে ৫১৮ জন ও মানসিক সমস্যা ও মাদকাসক্তি প্রতিরোধ ও নিরাময় বিষয়ে ৫৯৯ জনকে এবং ৭৪১ জনকে পরিস্কার পরিচ্ছন্নতা ও স্যানিটারি প্যাড বিষয়ে কাউন্সেলিং করা হয়েছে। RTI/STI সংক্রান্ত বিষয়ে ৭২ জনকে চিকিৎসাসেবা দেয়া হয়েছে। তাছাড়াও নিয়মিত বিদ্যালয় স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম চলমান রয়েছে। এ মাসে মোট স্কুলে ৮ টি স্বাস্থ্য শিক্ষা সেশন সম্পন্ন হয়েছে। এছাড়াও বিভিন্ন সেবাকেন্দ্রে ২৮ টি স্বাস্থ্যশিক্ষা অনুষ্ঠিত হয়েছে। | কিশোর/কীশোরীদের নিয়ে এরকম কার্যক্রম নিয়মিত বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানানো হয়। | |
| এফডব্লিউসি এর প্রবেশ পথ নির্মাণ/সংস্কার | বক্তারপুর, বোয়ালিয়া, কীর্তিপুর, শিকারপুর, বলিহার, তিলকপুর এফডব্লিউসি এর প্রবেশ পথ নির্মাণ/সংস্কার প্রয়োজন। | প্রকল্প প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা |
| হাঁসাইগাড়ি ও কীর্তিপুর এফডব্লিউসি | হাঁসাইগাড়ি ও কীর্তিপুর FWC ৫৯২ টি FWC পুন: নির্মানের তালিকায় থাকা বিষয়ে সভায় অবহিত করা হয়। | HED নওগাঁ | HED নওগাঁ |
| জনবল ঘাটতি/শুন্যতা | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের জনবলের তীব্র সংকট চলমান। ফলে স্বাভাবিক সেবাদান কাজ ব্যহত হচ্ছে। | | উপজেলা পঃ পঃ কর্মকর্তা |
| বিবিধ | বর্তমানে পরিবার পরিকল্পনা বিভাগের বিভিন্ন উপকরণ, DDS Kits, প্রয়োজনীয় ঔষধ, জন্ম বিরতিকরণ সামগ্রী সরবরাহ না থাকায় বিভাগীয় কর্মকান্ড ব্যহত হচ্ছে। এ বিষয়ে জনপ্রতিনিধি মহোদয়গণকে অবহিত করা হয়। | স্কুল স্বাস্থ্য শিক্ষা, কেন্দ্রে স্বাস্থ্য শিক্ষা, উঠান বৈঠক, স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে উদ্বুদ্ধকরণ কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পঃ পঃ কর্মকর্তা |

(স্বাক্ষরিত) ২৯.০৬.২৬

উপজেলা নির্বাহী কর্মকর্তা ও
প্রশাসক, উপজেলা পরিষদ এবং
সভাপতি, উপজেলা পরিবার পরিকল্পনা কমিটি
নওগাঁ সদর, নওগাঁ।

ছেলে হোক, মেয়ে হোক
দু'টি সন্তানই যথেষ্ট।"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়
নওগাঁ সদর, নওগাঁ।

নং- ৫৯.১১.৬৪৬০.০০০০.০০১.১৬.০০০২.২৬- ১২৮

তারিখ: ০৭ জুলাই, ২০২৬খ্রিষ্টাব্দ।

অনুলীপি: সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য-
১. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, নওগাঁ।
২. সহকারী পরিচালক (প. প/সিসি), পরিবার পরিকল্পনা, নওগাঁ।
৩. উপজেলা ...................................... কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।
৪. জান্নাতুল ফেরদৌস, উপজেলা পরিবার পরিকল্পনা সহকারী, নওগাঁ সদর, নওগাঁ। (পোর্টালে প্রকাশের অনুরোধসহ)
৫. অফিস নথি/২৫।

০৭/০৭/২৬
(মোঃ আব্দুর রহমান প্রামানিক)
পরিচিতিনং-০৮২০২১১০০১৫৮
উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার
নওগাঁ সদর, নওগাঁ।

পরিশিষ্ট-ক: সভায় উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দ (স্বাক্ষরীত):

১.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।
৩. উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।
৪. উপজেলা প্রকৌশলী, নওগাঁ সদর, নওগাঁ।
৫.উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।
৫.উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।
৬.উপজেলা সমাজসেবা কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।
৮. উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ।
৯. চেয়ারম্যান, বক্তারপুর ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
১০. চেয়ারম্যান, তিলকপুর ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
১১. চেয়ারম্যান, দুবলহাটি ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
১২. চেয়ারম্যান, বোয়ালিয়া ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
১৪. চেয়ারম্যান, চন্ডিপুর ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
১৫. চেয়ারম্যান, শৈলগাছি ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
১৬. চেয়ারম্যান, শিকারপুর ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।
১৭.চেয়ারম্যান, বলিহার ইউনিয়ন পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।